12

দৈনিক ইত্তেফাক

তারিখ 13 DEC 1996
পৃষ্ঠা ১৬ কলাম ৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ ও প্রজাতন্ত্রী ভারত সরকারের মধ্যে ফারাক্কায় গংগা নদীর পানি বন্টন বিষয়ে চুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং প্রজাতন্ত্রী ভারত সরকার,

দুই দেশের মধ্যে বন্ধুত্ব ও সুপ্রতিবেশীসুলভ সম্পর্ক প্রসার এবং সুদৃঢ় করার বিষয়ে সংকল্পবদ্ধ হয়ে,

নিজেদের দেশের জনসাধারণের অবস্থার উন্নয়নের বিষয়ে অভিন্ন ইচ্ছা দ্বারা উদ্বুদ্ধ হয়ে।

পারস্পরিক সম্মতির ভিত্তিতে দুই দেশের মধ্য দিয়ে প্রবাহিত আন্তর্জাতিক নদ নদী সমূহের পানি বন্টনের বিষয়ে এবং বন্যা ব্যবস্থাপনা, সেচ, নদী অববাহিকা উন্নয়ন এবং পানি বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে এই অঞ্চলের পানি সম্পদ এর সুষ্ঠু ব্যবহার করে দুই দেশের জনসাধারণ এর পারস্পরিক উপযোগ সাধনের বিষয়ে আগ্রহী হয়ে,

পরস্পরের চাহিদা পূরণের বিষয়ে সহযোগীতার মনোভাব নিয়ে ফারাক্কায় গংগা নদীর পানি বন্টনের ব্যবস্থা নেয়ার প্রয়োজনীয়তা এবং দুই দেশের জনসাধারণের পারস্পরিক স্বার্থে গংগা নদীর পানি প্রবাহ বৃদ্ধি করণের বিষয়ে একটি দীর্ঘ মেয়াদি সমাধানের প্রয়োজনীয়তা স্বীকার করে,

বর্তমান চুক্তিতে যে বিষয় অন্তর্ভুক্ত হয়েছে তা ছাড়া দুই দেশের স্ব স্ব অধিকার ও দাবীর ক্ষেত্রে ক্ষতায় হবে না কিম্বা আইনের সাধারণ নীতিমালার সূত্র হিসাবে পরিগণিত হবে না কিম্বা ভবিষ্যতে নজীর হিসাবে ব্যবহৃত হবে না, এমন ব্যবস্থাধীনে গংগা বিষয়ক সমস্যার একটি ন্যায়সংগত ও সঠিক সমাধানের বিষয়ে আকাঙ্খিত হয়ে,

সম্মত হয়েছে যে:

১২/১২/৯৬ 12/12/96

পানি বন্টন চুক্তিপত্রের প্রথম পাতা